দৈনিক ইত্তেফাক

তারিখ ...05 JUL 1994
পৃষ্ঠা ৩ কলাম ৭

18

# কিন্ডারগার্টেনে অননুমোদিত বই পড়াইলে শাস্তি

................................................, শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। রাজধানীর কিণ্ডারগার্টেন ইংরেজী মাধ্যম স্কুলসমূহে সরকারী কমিটি অনুমোদিত বই-এর বাইরে ভারতে প্রকাশিত ইতিহাস, ভূগোল ও অন্যান্য বিষয়ের পুস্তক পড়ানো হইতেছে। গত রবিবার জাতীয় সংসদে সরকারী দলের প্রবীণ সদস্য এলকে

(৪থ পৃঃ দ্রঃ)

## কিণ্ডারগার্টেনে

(৩য় পৃঃ পর)

সিদ্দিকীর এই অভিযোগের জবাবে শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বলিয়াছেন, কমিটি অনুমোদিত ও বাংলাদেশে প্রকাশিত বাংলা ও ইংরেজী বইয়ের বাহিরে কোন স্কুল অন্য কোন বই পড়াইলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে।

ইলাষ্ট্রেটেড হিষ্ট্রি বুক ওয়ানসহ কয়েকটি বই সংসদে উস্থাপন করেন সরকারী দলের সদস্য। মন্ত্রী তাহার বক্তব্যে "অন্য কোন বই পড়ানো হইতেছে কিনা আমার জানা নাই" বলিয়া মন্তব্য করিলে সদস্যগণ হৈচৈ করিয়া উঠেন।